

## ■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

## (১৪) ফ্যীলতের আশায় জুম'আর দিন পাগড়ী পরিধান করা

অধিক ফ্যীলত মনে করে অনেকে এই দিনে পাগড়ী পরে থাকে। জুম'আর দিন পাগড়ী পরিধান করার ফ্যীলত সম্পর্কে যত হাদীছ বর্ণিত হয়েছে, সবই জাল।

عَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ إِنَّ اللهَ وَمَلاَئِكَتَهُ يُصلُّوْنَ عَلَى أَصنحَابِ الْعَمَائِم يَوْمَ الْجُمُعَةِ.

আবু দারদা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, আল্লাহ তা'আলা এবং ফেরেশতামন্ডলী জুম'আর দিনে পাগড়ী পরিধানকারী ব্যক্তিদের উপর রহম করেন।[1]

তাহকীক: বর্ণনাটি জাল। এর সনদে আইয়ূব ইবনু মুদরাক নামে মিথ্যুক রাবী রয়েছে।[2] ইমাম ইবনুল জাওযী এই বর্ণনাকে জাল হাদীছের গ্রন্থে বর্ণনা করেছেন।[3] শায়খ আলবানীও জাল বলেছেন।[4] অন্য বর্ণনায় এসেছে,

عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ قَالَ إِنِّىْ سَمِعْتُ رَسُوْلَ اللهِ يَقُوْلُ صَلَاَةٌ بِعِمَامَةٍ تَعْدِلُ خَمْسًا وَّعِشْرِيْنَ صَلَاَةً بِغَيْرِ عِمَامَةٍ وَجُمُعَةٌ بَعِمَامَةٍ إِنَّ الْمَلاَئِكَةَ لَيَشْهَدُوْنَ الْجُمُعَةَ مُعْتَمِّيْنَ وَلاَ يَزَالُوْنَ يُصَلُّوْنَ عَلَى وَجُمُعَةً مُعْتَمِّيْنَ وَلاَ يَزَالُوْنَ يُصَلُّوْنَ عَلَى أَصْحَابِ الْعَمَائِم حَتَىَّ تَغْرُبَ الشَّمْسُ.

আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি যে, পাগড়ী মাথায় দিয়ে এক ওয়াক্ত ছালাত আদায় করলে পাগড়ী বিহীন ২৫ ওয়াক্ত ছালাতের সমান নেকী হয় এবং পাগড়ী পরে এক জুম'আ পড়লে পাগড়ী বিহীন ৭০ জুম'আর সমপরিমাণ নেকী হয়। নিশ্চয় ফেরেশতারা পাগড়ী পরে জুম'আর ছালাতে শরীক হন। তারা পাগড়ী পরিহিত ব্যক্তিদের জন্য সূর্যাস্ত পর্যন্ত দু'আ করতে থাকেন।[5]

তাহকীক: বর্ণনাটি জাল। এর সনদে আব্বাস ইবনু কাছীর নামে মিথ্যুক রাবী আছে।[6] ইবনু হাজার আসকালানী বলেন, বর্ণনাটি জাল।[7]

জ্ঞাতব্য : উক্ত ফযীলতের আশা না করে কেউ চাইলে পাগড়ী পরতে পারে। রাসূল (ছাঃ) কখনো জুম'আর দিন পাগড়ী পরে খুৎবা দিতেন।[8]

## ফুটনোট

- [1]. হিলইয়া ৫/১৮৯-১৯০।
- [2]. ইবনুল জাওয়ী, কিতাবুল মাওয় আত ২/১০৫ পুঃ; সিলসিলা যঈফাহ হা/১৫৯।
- [3]. কিতাবুল মাওয্'আত ২/১০৫ পৃঃ।



- [4]. সিলসিলা যঈফাহ হা/১৫৯, ১/২৯২-২৯৩ পৃঃ।
- [5]. ইবনু নাজ্জার, সিলসিলা যঈফাহ হা/১২৭, ১/২৪৯ পৃঃ।
- [6]. সিলসিলা যঈফাহ হা/১২৭-এর আলোচনা দ্রঃ, ১/২৪৯ পৃঃ।
- [৪]. ছহীহ মুসলিম হা/৩৩৭৭ ও ৩৩৭৮, ১/৪৩৯-৪৪০ পৃঃ, (ইফাবা হা/৩১৭৭-৭৮); মিশকাত হা/১৪১০; বঙ্গানুবাদ মিশকাত হা/১৩২৬, ৩/১৯৮ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1991

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন